# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : ic@bise-ctg.gov.bd Website : bise-ctg.gov.bd


মুজিব শতবর্ষ

স্মারক নম্বর: চশিবো/ ক-শা/ বিবিধ/৫৭/৯৫ (অংশ- ৩)/ ৬৪৭০ (৩০০) তারিখ: ২৩/০৯/২০২১খ্রি:

## কলেজ শাখা

## একাদশ শ্রেণি ২০২০ - ২০২১ শিক্ষাবর্ষে বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০- ২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ও online এ eSIF কৃত শিক্ষার্থীদের মধ্যে বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের আবেদন (অত্র নোটিশের সাথে সংযুক্ত আবেদন ফরমে) করোনা অতিমারীর কারণে ২য় ও শেষবারের মত আগামী ২৬/০৯/২০২১ থেকে ৩০/০৯/২০২১ তারিখ পর্যন্ত বোর্ডের কলেজ শাখায় গ্রহণ করা হবে। আবেদনের সাথে বিষয় পরিবর্তনের ৪০০/- (চারশত) টাকা ফি এর রশিদসহ নিম্নোক্ত প্রমাণক যুক্ত করতে হবে।

১. সংশ্লিষ্ট ছাত্রের eSIF এর প্রিন্ট আউটের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি।

২. সংশ্লিষ্ট ছাত্রের এসএসসি ট্রান্সক্রীপ্টের সত্যায়িত স্পষ্ট ফটোকপি।

৩. বিষয় পরিবর্তন ফি বাবদ ৪০০/- টাকা (প্রতি ছাত্র) সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে সংশ্লিষ্ট শাখার রসিদ।

**বি: দ্র:-** আবেদন ফরম সতর্কতার সাথে পূরণ করে জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিষয় পরিবর্তনের জন্য যারা ইতিমধ্যে বোর্ডে ফিসহ আবেদন জমা দিয়েছে তাদের আর আবেদন করতে হবে না। বিষয় পরিবর্তন করলে নির্দেশনা অনুসরণ করতে হবে। বিষয় পরিবর্তনের ক্ষেত্রে NCTB এর বিষয় কাঠামো ও গুচ্ছ কঠোরভাবে অনুসরণ করতে হবে।

অত্র বিজ্ঞপ্তি কলেজের নোটিশ বোর্ড, ওয়েবসাইটে প্রকাশ ও ক্লাশে শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩/৯/২১

(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

প্রাপক :

অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ।